



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ

(কৃষি/টেক্স: শাখা)

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।

ওয়েব সাইট : www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১২.০১.০১.২৪-২৮৩

তারিখঃ ১২-১১-২০২৪খ্রিঃ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ৪ বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং-এর অ্যাপারেল মেনুফ্যাকচারিং, ফ্যাশন ডিজাইন, ইয়ার্ন মেনুফ্যাকচারিং, ফেব্রিক মেনুফ্যাকচারিং, জুট প্রোডাক্ট মেনুফ্যাকচারিং, ওয়েট প্রসেসিং, মার্চেন্ডাইজিং এন্ড মার্কেটিং, টেক্সটাইল মেশিন ডিজাইন এন্ড মেইনটেন্যান্স টেকনোলজির ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ পর্ব নিয়মিত ও ১ম, ৩য় ও ৫ম পর্ব অনিয়মিত (প্রবিধান- ২০২২) এবং টেক্সটাইল, জুট ও গার্মেন্টস ডিজাইন অ্যান্ড প্যাটার্ন মেকিং টেকনোলজির ৬ষ্ঠ ও ৮ম পর্ব নিয়মিত এবং ২য়, ৪র্থ, ৫ম, ও ৭ম পর্ব অনিয়মিত (প্রবিধান- ২০১০) বোর্ড সমাপনী পরীক্ষা-২০২৪ আগামী ২৯ ডিসেম্বর ২০২৪ রোজ রবিবার হতে বোর্ড কর্তৃক নির্ধারিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

উক্ত পরীক্ষার ছাত্র/ছাত্রীদের প্রতিষ্ঠান ভিত্তিক সম্ভাব্য তালিকা (Printout Copy) বোর্ডের ওয়েব সাইট-এ প্রকাশ করা হবে। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র/ছাত্রীদেরকে পরীক্ষার নির্ধারিত ফি স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে জমা এবং অন-লাইনে ফরম ফিলাপ করতে হবে। ফরম ফিলাপের তারিখ, সময়সূচি এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় (ব্যবহারিক/তাত্ত্বিক পরীক্ষার কেন্দ্র) তথ্যাদি কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট (www.bteb.gov.bd)-এ প্রকাশ করা হবে। উল্লেখ্য পরীক্ষার প্রশ্নপত্র সংশ্লিষ্ট কেন্দ্রে অনলাইনে প্রেরণ করা হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট কেন্দ্রের কমপক্ষে ১০ এমবিপিএস ইন্টারনেট সংযোগ থাকতে হবে।

(ক) অন-লাইনে ফরম ফিলাপ এর ফাইনাল লিস্টে (হার্ড কপি) থাকা সকল শিক্ষার্থীকে পরীক্ষার ফি প্রদান করতে হবে। (খ) একজন পরীক্ষার্থীর মূলপর্বে ০১ (একটি) মাত্র হাজিরা শিট ব্যবহার করতে হবে। একই হাজিরা শিটের মধ্যে তাত্ত্বিক ও ব্যবহারিক সকল বিষয়ের হাজিরা গ্রহণ করতে হবে প্রয়োজনে অপর পৃষ্ঠা ব্যবহার করা যাবে। পরিপূরক বিষয় পরীক্ষার জন্য আলাদা হাজিরা ব্যবহার করা যাবে না, অনুপস্থিত পরীক্ষার্থীদের হাজিরা শীট তৈরি করতে হবে এবং হল পরিদর্শকের দ্বারা বিষয় ভিত্তিক তারিখ অনুপস্থিত লিখে হাজিরা শীটে স্বাক্ষর করতে হবে এবং তা ঐ তারিখে অন-লাইন (Online)-এ অনুপস্থিত তালিকা প্রেরণ করে হার্ড কপি সংরক্ষণ করে হাজিরা শিটের সাথে বোর্ডে জমা প্রদান করতে হবে। কোন প্রকার হাজিরা শিটের ফটোকপি বা প্রিন্ট কপি গ্রহণযোগ্য নহে।

রেজিস্ট্রিশনের মেয়াদ থাকা সাপেক্ষে পুনঃভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের কারিকুলাম শাখার অনুমোদন পত্রের সাথে পূর্বের প্রবেশপত্র ও ফলাফলের কপি সংযুক্ত করতে হবে। অত্র বোর্ডের কারিকুলাম শাখা হতে জারিকৃত ডিপ্লোমা ইন টেক্সটাইল শিক্ষাক্রমের পর্ব পরিকল্পনা জুলাই - ডিসেম্বর ২০২৪ সনের আলোকে এই বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

বি: দ্র: ১; ২০২২ প্রবিধান ব্যতিত পূর্বের প্রবিধানের রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২য় পর্ব অনিয়মিত পরীক্ষার্থীদের পরীক্ষা শুধু লিখোবিহীন উত্তরপত্র গ্রহণ করতে হবে এবং প্রতিষ্ঠান কর্তৃক মূল্যায়িত হবে।

বি: দ্র: ২; যে সকল প্রতিষ্ঠানের মোবাইল নম্বর এবং Email ID পরিবর্তিত হয়েছে, তারা ১২/১২/২৪ খ্রিঃ এর মধ্যে নতুন মোবাইল Email ID পরীক্ষা শাখার Email : textile.bteb@gmail.com অথবা হাতে হাতে পাঠানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

বি: দ্র: ৩; সকল পর্বের নিয়মিত ও অনিয়মিত পর্বের পরীক্ষা- ২০২৪ শতভাগ প্রশ্নের উত্তর লিখতে হবে।

১.০ সাধারণ নির্দেশনাবলীঃ

- ১.১ পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীদের পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করতে হবে।
- ১.২ পরীক্ষা শুরুর ৩০ মিনিটের পূর্বে প্রশ্নপত্র বোর্ডের পরীক্ষা শাখা হতে অনলাইনে (Online) সংশ্লিষ্ট কেন্দ্রে প্রেরণ করা হবে। উক্ত সময়ে কেন্দ্রের সংশ্লিষ্ট প্রশ্নপত্র পাওয়া না গেলে বোর্ডের সংশ্লিষ্ট শাখায় (গোপনীয় শাখা) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবকে যোগাযোগ করতে হবে।
- ১.৩ ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবকে সংশ্লিষ্ট পরীক্ষা শাখার (গোপনীয় শাখা) সাথে প্রয়োজনে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।
- ১.৪ নিরাপত্তা ও গোপনীয়তা সুরক্ষা নিশ্চিত করে ৩০ মিনিটের মধ্যে কেন্দ্রের প্রয়োজনীয় প্রশ্নপত্র প্রিন্ট করে পরীক্ষা কক্ষে প্রশ্নপত্র পৌছাতে হবে।
- ১.৫ ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবগণ পরীক্ষা চলাকালীন সার্বক্ষণিক নিজ নিজ কর্মস্থলে উপস্থিত থাকেন।
- ১.৬ পাসওয়ার্ড এর গোপনীয়তা বজায় রেখে প্রশ্নপত্র প্রেরণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবের ই-মেইল এবং বিকল্প ই-মেইল আইডি সচল রাখতে হবে। এক্ষেত্রে মোবাইল নম্বর পরীক্ষা চলাকালীন সময়ে সার্বক্ষণিক চালু রাখতে হবে। অনলাইনে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব এর মোবাইল নম্বর, বিকল্প মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং বিকল্প ই-মেইল আইডি প্রেরণ করতে হবে।
- ১.৭ ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবকে সাধারণ ফিচারের (ক্যামেরা বিহীন) মোবাইল ফোন ব্যবহার করতে হবে।

- ১.৮ বিদ্যুৎ ব্যবস্থা/বিকল্প বিদ্যুৎ ব্যবস্থা (জেনারেটর), কম্পিউটার, প্রিন্টার, ইন্টারনেট সংযোগ/বিকল্প ইন্টারনেট সংযোগ, ফটোকপি মেশিন/ ডুপ্লো-মেশিন) এর ব্যবস্থা রাখাসহ উহা সচল রাখতে হবে। এছাড়া প্রিন্টার, ফটোকপি মেশিন/ ডুপ্লো-মেশিন ইত্যাদির টোনার, প্রশ্লপত্র ছাপানোর কাগজ ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জামাদি কেন্দ্রে পূর্ব থেকেই মজুত রাখতে হবে এবং বোর্ডকে এ বিষয়ে অবহিত করতে হবে।
- ১.৯ পরীক্ষার্থীর সংখ্যা অনুপাতে পরীক্ষার সময়ের (সকাল/বিকাল) পূর্ব থেকেই প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক/কর্মকর্তা/কর্মচারির সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ১.১০ প্রতিটি কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব কর্তৃক প্রশ্লপত্র প্রিন্ট ও সংশ্লিষ্ট পরীক্ষার কক্ষে বিতরণের লক্ষ্যে Time Frame উল্লেখসহ একটি Check list তৈরি করে সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে।
- ১.১১ শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীদেরকে অবশ্যই পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। অনিবার্য কারণে কোন পরীক্ষার্থী এরপরে প্রবেশ করলে তার নাম, রোল নম্বর, রেজিঃ নম্বর, পর্ব, টেকনোলজী, প্রবেশের সময়, বিলম্ব হওয়ার কারণ ইত্যাদি একটি রেজিস্টারে লিপিবদ্ধ করে ঐদিনই বোর্ডের কৃষি ও টেক্স: পরীক্ষা শাখায় প্রতিবেদন দাখিল করতে হবে। একই পরীক্ষার্থীর একাধিক বার বিলম্ব করলে তদন্ত করতে হবে।
- ১.১২ কেন্দ্রের কন্ট্রোল রুম/প্রিন্টিং রুমে অবশ্যই সিসিটিভি (CCTV) এর ব্যবস্থা এবং তা সার্বক্ষণিক সচল রাখতে হবে।
- ২.০ পরীক্ষার্থীর বিবরণঃ**
- ২.১ ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ পর্ব নিয়মিত এবং ১ম, ৩য় ও ৫ম পর্ব অনিয়মিত (প্রবিধান ২০২২), ৭ম ও ৮ম পর্ব (২০২২-এর আগের প্রবিধান) অনিয়মিত ছাত্র/ছাত্রী পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণ করতে পারবে।
- ২.২ যে সকল ছাত্র-ছাত্রী ২০২৩ সনে ২য় পর্ব (প্রবিধান ২০২২) এবং ৪র্থ ও ৬ষ্ঠ পর্বে (প্রবিধান-২০১০) ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে তিনের অধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে সেই সকল ছাত্র-ছাত্রী রেফার্ড/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে উল্লিখিত পর্বে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে)।
- ২.৩ যে সকল ছাত্র-ছাত্রী ২০২২ সনে ১ম, ২য়, ৩য়, ৪র্থ ও ৬ষ্ঠ (প্রবিধান ২০২২), এবং ৮ম পর্ব ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে **শুধু ব্যবহারিক বিষয়ে অকৃতকার্য হয়েছে** সেই সকল ছাত্র-ছাত্রী ২০২৪ সনে ডিপ্লোমা ইন টেক্সটাইল শিক্ষাক্রমের পরীক্ষায় অবশ্যই ফরম ফিলাপ করে প্রবেশপত্র গ্রহণ করে পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে (ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণ করে যদি উত্তীর্ণ হয় তবে নম্বর অনলাইনে প্রেরণ করে হার্ড কপি নির্ধারিত তারিখে কৃষি ও টেক্সটাইল শাখায়, ভবন-১ (৫ম তলা) জমা দিতে হবে।
- ২.৪ যে সকল ছাত্র-ছাত্রী ১ম, ২য় ও ৩য় পর্বে পরীক্ষা দিয়ে ৩ (তিন) এর অধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে সে সকল ছাত্র-ছাত্রী পরবর্তী পর্বের সাথে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ফরম ফিলাপ ও পরীক্ষার ফি জমা প্রদান পূর্বক প্রবেশপত্র গ্রহণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে (প্রবিধান-২০২২)।
- ২.৫ যে সকল পরীক্ষার্থী ১ম ও ৩য় পর্বে পরীক্ষা দিয়ে ৩ (তিন) বিষয় পর্যন্ত অকৃতকার্য হয়েছে সে সকল পরীক্ষার্থী পরবর্তী পর্বে উঠে যাবে এবং শুধুমাত্র ঐ সকল অকৃতকার্য বিষয়সমূহ রেফার্ড বিষয় হিসেবে পরবর্তী পর্বের সাথে পরীক্ষা দিবে (একই হাজিরা শিটে)।
- ২.৬ যে সকল পরীক্ষার্থী ২০২৩ সনে বা তার পূর্বে ২য়, ৪র্থ, ৬ষ্ঠ পর্বে বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে/ পুনঃ ভর্তি হয়েছে কিন্তু ২০২৩ সনে ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বে ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে নাই, এরূপ পরীক্ষার্থী ৩০০/- টাকা সংযোগ রক্ষাকারী ফি ফর্ম ফিলাপের সময় জমা প্রদান করতে হবে। রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনুমতি পত্র আবেদনের সাথে পূর্বের সকল প্রবেশপত্র ও পুনঃ ভর্তি আদেশের কপি সংযুক্ত করতে হবে।
- ২.৭ বহিস্কৃত পরীক্ষার্থীদের মধ্যে যাদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। (বহিস্কৃত আদেশ কপি সংযুক্ত করতে হবে)
- ২.৮ অন-লাইনে ফরম ফিলাপের তারিখ, ব্যাংক ড্রাফট করার তারিখ, প্রিন্ট-আউটের হার্ড কপি (Final list) ও ব্যাংক ড্রাফট বোর্ডে জমা প্রদান ইত্যাদি নিম্নো “ছক-১” মোতাবেক সম্পন্ন করতে হবে।

ফরম ফিলাপের ছক (ছক-১)

বিভাগ	অনলাইন (Online) এ ফরম ফিলাপ এর সময়	স্ব-স্ব প্রতিষ্ঠানের বিলম্ব ফি ছাড়া ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	বিলম্ব ফি-সহ ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	প্রতিষ্ঠান কর্তৃক প্রিন্ট-আউটের হার্ড কপি ও ডিডি জমা দেয়ার শেষ তারিখ/সময়	প্রতিষ্ঠানসমূহের প্রবেশপত্র Download ও Print করার তারিখ (কালার প্রিন্টারে প্রিন্ট করতে হবে)	নির্ধারিত ০৯/১২/২০২৪খ্রি. তারিখের পর প্রতিষ্ঠান ২৫০০/- জরিমানা সহ ব্যাংক ড্রাফট জমা দানের তারিখ
১	২	৩	৪	৫	৬	৭
সকল বিভাগ	২৪/১১/২০২৪খ্রিঃ হতে ০৪/১২/২০২৪ খ্রিঃ পর্যন্ত	০৮/১২/২০২৪খ্রিঃ	০৯/১২/২০২৪খ্রিঃ	১১ ও ১২ ডিসেম্বর ২০২৪খ্রিঃ রাজশাহী ও রংপুর ১৫ ও ১৮ ডিসেম্বর ২০২৪খ্রিঃ সিলেট, চট্টগ্রাম, খুলনা ও বরিশাল ১৮-১৯ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ ময়মনসিংহ ও ঢাকা বিভাগ সমূহ	২৩-১২-২০২৪খ্রিঃ হতে ২৪-১২-২০২৪খ্রিঃ পর্যন্ত	(পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতি সাপেক্ষে) ১০/১২/২০২৪ খ্রিঃ

৩.০ উপরোক্ত ছকে বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে অন-লাইনে ফরম ফিলাপ করার পর ঐ দিনই ফরম ফিলাপের ফাইনাল লিস্টের (Final list) হার্ড কপি প্রিন্ট (Print) করতে হবে। নির্ধারিত তারিখে নির্ধারিত বিভাগ ব্যতীত অন্য বিভাগ সমূহের ডিডি/পে-অর্ডার ও কাগজপত্র গ্রহণ করা হবে না।

৪.০ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি সমূহের হার (নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য) ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ফিসারিজ, লাইভস্টক ও ডিপ্লোমা ইন ফরেন্সিঃ

ছক-২

ক্রঃ নং	পরীক্ষার প্রকার	পরীক্ষার ফি		নম্বর পত্র ফি		সনদপত্র ফি	বই বাবদ	কেন্দ্র ফি			বোর্ডের মোট অংশ টাকা
		বোর্ড	প্রতি:	বোর্ড	প্রতি:	বোর্ড	কারি:	প্রশ্নপত্র ব্যবস্থাপনা বাবদ	কেন্দ্র	প্রতি :	
		১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
০১	২য় পর্ব (প্রবিধান -২০২২) বোর্ড মূল্যায়ন করবে)	৪০০/-	-	৭৫/-	-	-	-	২০/-	৪৫০/-		কলাম (১+৩)
	১ম পর্ব ও ৩য় পর্ব (অনিয়মিত) প্রবিধান -২০২২ (তিনের অধিক বিষয় অনুত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে)	৪০০/-	-	৭৫/-	-	-	-	২০/-	৪৫০/-		কলাম (১+৩)
০২	২য় পর্ব পরিপূরক (প্রবিধান ২০১০) (প্রতিষ্ঠান মূল্যায়ন করবে)	২২৫/-	২২৫/-	-	৫০/-	-	-	২০/-	৪৫০/-		কলাম ২২৫/-
০৩	৪র্থ পর্ব নিয়মিত বোর্ড (মূল্যায়ন করবে) (প্রবিধান ২০২২)	৪০০/-	-	৭৫/-	-	-	-	২০/-	৪৫০/-		কলাম (১+৩)
	১ম, ২য় ও ৩য় পর্ব রেফার্ড বিষয় (১০০/- হারে) (প্রবিধান ২০২২)	বিষয় সংখ্যা x ১০০	-	পর্ব সংখ্যা x ৭৫	-	-	-	২০/-	২০০/-		কলাম (১+৩)
০৪	৩য়/৪র্থ পর্বে সরাসরি ভর্তিকৃত শিক্ষার্থীদের মেকআপ পরীক্ষার ফি (মূল পর্বের ফি এর অতিরিক্ত ফি)	বিষয় x ১০০	-	৭৫/-	-	-	-	২০/-			কলাম (১+৩)
০৫	৬ষ্ঠ পর্ব নিয়মিত (প্রবিধান ২০১০)	৪০০/-	-	৭৫/-	-	-	-	২০/-	৪৫০/-		কলাম (১+৩)
	৪র্থ ও ৫ম পর্বে রেফার্ড বিষয় ১০০/- হারে	বিষয় সংখ্যা x ১০০	-	পর্ব সংখ্যা x ৭৫	-	-	-	২০/-	২০০/-		কলাম (১+৩)
	৪র্থ ও ৬ষ্ঠ পর্ব পরীক্ষায় অংশ গ্রহণ করে চার বা ততোধিক বিষয়ে অনুত্তীর্ণদের পরীক্ষার্থীদের জন্য	৪০০/-	-	৭৫/-	-	-	-	২০/-	৪৫০/-		কলাম (১+৩)
০৬	৮ম পর্ব নিয়মিত (ইন্ডাস্ট্রিয়াল পরীক্ষার ফি ও কেন্দ্র ফি) (যাদের বিগত পর্বে রেফার্ড নাই)	৪০০/-	-	৭৫/-	-	১০০/-	-	২০/-	৪৫০/-		কলাম (১+৩+৫)
	৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বে রেফার্ড বিষয় ১০০/- হারে	বিষয় সংখ্যা x ১০০	-	পর্ব সংখ্যা x ৭৫	-	-	-	২০/-	২০০/-		কলাম (১+৩)
	ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফি (৫০০/-)	১১০/-	৩৫০/-	-	-	-	৪০/-				কলাম (১)
০৭	সকল পর্বের বিলম্ব/সংযোগ রক্ষাকারী ফি প্রতি পরীক্ষার্থীদের জন্য (যদি থাকে) ৩০০/- টাকা হারে।										৩০০/-
০৮	সকল পর্বের নিয়মিত/রেফার্ড/পরিপূরক ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি পর্বের প্রতি বিষয়ে ২৫.০০ টাকা হারে										
০৯	কেন্দ্র ফি শিক্ষা প্রতিষ্ঠান ও কেন্দ্রের মধ্যে অত্র বোর্ডের স্বারক নং -বাকাশিবো(প-২)/৬৬৭/(পার্ট-৫)/৮৪৪ তাং ১৫-০৯-২০১৩ এর বিজ্ঞপ্তি অনুসরণ করতে হবে। (কপি সংযুক্ত)										
১০	নিজস্ব প্রতিষ্ঠানে কেন্দ্র না হলে অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য কেন্দ্রে ২০০/- হারে কেন্দ্র ফি প্রদান করতে হবে।										
১১	প্রতিষ্ঠান কর্তৃক বোর্ড ফিস যথাসময়ে জমা দিতে ব্যর্থ হলে বিলম্বের জন্য প্রতিষ্ঠানের জরিমানা ২৫০০/- টাকা										

বিঃ দ্রঃ কোন ভাবেই বোর্ড নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি নেয়া যাবে না। অতিরিক্ত ফি আদায় করলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫.০ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদের ফি সমূহ বোর্ডে প্রেরণ পদ্ধতি :

৫.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি এর সমুদয় টাকা প্রতি পরীক্ষার্থীর নিকট হতে আদায়করতঃ মোট টাকার ব্যাংক ড্রাফট (সোনালী ব্যাংক যে কোন শাখা হতে) সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে ছকে বর্ণিত নির্ধারিত তারিখে করতে হবে এবং **বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগের কৃষি ও টেক্সটাইল শাখা (৫ম তলা) কর্তৃক যাচাইপূর্বক** হিসাব শাখায় নির্ধারিত তারিখে জমা প্রদান করতে হবে। ব্যাংক ড্রাফট অবশ্যই সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলন যোগ্য হতে হবে।

৫.২ পরীক্ষার্থীদের নিকট থেকে আদায়কৃত সমুদয় টাকার হিসাব (বোর্ডের প্রাপ্য অংশ) বোর্ড কর্তৃক প্রদত্ত "হিসাব বিবরণী 'ছক' অনুযায়ী পূরণ করে ব্যাংক ড্রাফট জমা দেয়ার সময় ৫ম তলা কৃষি ও টেক্সটাইল শাখার অনুমতির পর ব্যাংকে জমা দিতে প্রদান করতে হবে এবং হিসাব শাখায় ক্রমিক নম্বর প্রদানের পর ৫ম তলা কৃষি ও টেক্সটাইল শাখায় জমা দিতে হবে।


৫.৩ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর অধীন ডিপ্লোমা ইন টেক্সটাইল শিক্ষাক্রমের পরীক্ষার ফরম ফিলাপ সংক্রান্ত সকল কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধির মাধ্যমে অবশ্যই সম্পাদন করতে হবে। অন্য প্রতিষ্ঠান শিক্ষক/অন্য শাখার শিক্ষক/প্রতিনিধি দ্বারা পরীক্ষা সংক্রান্ত কোন কার্যক্রম সম্পাদন করা যাবে না।

৬.০ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অর্থ (যাহা কেন্দ্র/প্রতিষ্ঠান কর্তৃক ব্যয় হবে) ব্যয়ের বিবরণঃ

- ৬.১ কেন্দ্র ফি, ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ আদায়কৃত টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে লিখিত পরীক্ষা আরম্ভ হওয়ার ০১ (এক) সপ্তাহ পূর্বে পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার বরাবরে নগদ/ ব্যাংক ড্রাফটের মাধ্যমে অবশ্যই প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, কেন্দ্র ফি ও ব্যবহারিক পরীক্ষার ফি যথাসময়ে পরিশোধ না করলে এই মর্মে কেন্দ্র হতে কোন অভিযোগ পাওয়া গেলে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষার ফলাফল স্থগিত থাকবে।
- ৬.২ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ পরীক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিত সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের পারিশ্রমিক হিসেবে পরীক্ষাসমাপ্তির পর পরেই পরিশোধের ব্যবস্থা করতে হবে এবং এ সংক্রান্ত ব্যয়ের হিসাবের এক কপি বোর্ডে পরীক্ষা শাখায় প্রেরণ করতে হবে।
- ৬.৩ ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ আদায়কৃত অর্থ ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির পর অভ্যন্তরীণ/অন্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকগণ বোর্ডের নিয়ম অনুযায়ী সম্মানী প্রাপ্য হবেন। অবশিষ্ট অর্থ ব্যবহারিক পরীক্ষার কৌশাল ক্রয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ব্যবহার করা যেতে পারে।

৭। প্রবেশপত্র প্রিন্ট:

অনুচ্ছেদ ৫.১০ এর ১০, ১১, ১২ নং কলামে বর্ণিত তারিখ অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগের প্রতিষ্ঠানসমূহ প্রবেশপত্র **Download ও Print** করতে পারবে। A4 (৮.২৭"×১১.৬৯") size, ৮০ গ্রাম কাগজের এক পৃষ্ঠায় প্রবেশপত্র এবং অপর পৃষ্ঠায় শৃঙ্খলাবিধি কালার **Print** করে নির্ধারিত স্থানে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সীল স্বাক্ষর সম্পন্ন করতঃ পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে। প্রতিষ্ঠান কর্তৃক প্রবেশপত্র Download এবং Print করার প্রক্রিয়া (ধাপসমূহ) নিম্নে দেয়া হলোঃ



৮.০ তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC/PC) নম্বর প্রেরণঃ

২০২৩ সনে ডিপ্লোমা ইন টেক্সটাইল শিক্ষাক্রমের বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC/PC) নম্বর স্ব-স্ব প্রতিষ্ঠানকে অন-লাইনের মাধ্যমে নিম্নোক্ত “ছকে” বর্ণিত তারিখ অনুযায়ী প্রেরণ করতে হবে। **TC/PC পরীক্ষায় কোন শিক্ষার্থী অকৃতকার্য হলে কোন ভাবে ফরমফিলাপের যোগ্য হবে না।** নির্ধারিত তারিখের মধ্যে অব্যর্থভাবে অন-লাইনের TC/PC নম্বর পত্রের হার্ড কপি কৃষি ও টেক্সটাইল শাখায় জমা দিতে হবে।

খারাবাহিকের নম্বর ২য়, ৪র্থ, ৬ষ্ঠ, ৮ম পর্ব নম্বর প্রেরণের ছক (ছক-৩)

বিভাগ/ অঞ্চল	অন-লাইনে-এ TC/PC নম্বর প্রেরণ	মন্তব্য
সকল বিভাগ	১৪/১২/২০২৪ খ্রিঃ হতে ২৮/১২/২০২৪ খ্রিঃ পর্যন্ত	TC/PC নম্বর নির্ধারিত তারিখের মধ্যে অন-লাইনে-এ জমা দিতে ব্যর্থ হলে পরীক্ষা নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

ব্যবহারিক নম্বর ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব নিয়মিত এবং ১ম, ৫ম ও ৭ম পর্ব অনিয়মিত নম্বর প্রেরণের ছক (ছক-৪)

ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার পর অন-লাইনে PF নম্বর প্রেরণ	মন্তব্য
রুটিন অনুযায়ী	ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার পর অন-লাইনে TC, PC ও PF এর নম্বর প্রেরণ করে ১৫/০২/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে হার্ড কপি প্রিন্ট করে এবং হাজিরা শিট ও শিরোনাম পত্র অবশ্যই রোল নম্বরের ক্রমিক অনুসারে বাধাই করে (পর্ব ও টেকনোলজি ভিত্তিক) বোর্ডের ভবন-১, ৫ম তলায় জমা দিতে হবে। হাজিরা শিটের ফটোকপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। হাজিরা শিটের সকল কলাম পূরণ করতে হবে। উল্লেখ্য নির্ধারিত সময়ে জমা দিতে ব্যর্থ হলে পরীক্ষা নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮.১ সংশ্লিষ্ট কেন্দ্র সচিব অথবা তার মনোনীত প্রতিনিধি নিম্নোক্ত ছকে বর্ণিত তারিখ অনুযায়ী প্রবেশপত্র ও উত্তরপত্রসহ পরীক্ষার মালামাল গ্রহণ করবেন। মালামালের চাহিদা ফরমে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলমোহর থাকতে হবে। (প্রতিনিধির নাম, পদবী ও নমুনা স্বাক্ষর কেন্দ্র সচিব কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে)। **এছাড়াও মালামাল গ্রহণের সময় অবশ্যই উত্তরপত্র গ্রহণ ও বিতরণ রেজিস্টারের ফটোকপি সংযুক্ত করে দিতে হবে।**

প্রবেশপত্র ও উত্তরপত্র/মালামাল গ্রহণের ছক (ছক-৪)

প্রবেশপত্র ও উত্তরপত্র/মালামাল গ্রহণের তারিখ ছক ১ এর ৫ কলাম অনুযায়ী (ফরমফিলাপের হার্ড কপি জমা প্রদানের সময় অনুযায়ী নির্দিষ্ট বিভাগ নির্দিষ্ট সময়ে আগমনের নির্দেশনা রইল)	মন্তব্য
	প্রবেশপত্র সংশোধনের প্রয়োজন থাকলে পরীক্ষা শুরুর পূর্বের দিন পর্যন্ত সম্পন্ন করা যাবে। পরীক্ষা শুরুর পরে কোন প্রবেশপত্র সংশোধন করতে হলে প্রতি প্রবেশ পত্রের জন্য সংশোধন ফি ৫০০/-প্রদান করতে হবে।

৮.১ অধ্যক্ষ/কেন্দ্র সচিব/শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে প্রবেশপত্র গ্রহণ করে ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করবেন। প্রবেশপত্র গ্রহণ করার পর তা সঠিক আছে কি না ভালভাবে যাচাই করতে হবে। প্রবেশ পত্রের ভুলের কারণে যদি কোন পরীক্ষার্থীর ফলাফল প্রকাশে ব্যাঘাত সৃষ্টি হয় তার জন্য বোর্ড কতৃপক্ষ দায়ী থাকবে না।

৮.২ পরীক্ষা শুরুর এক সপ্তাহ পূর্বে লিখিত পরীক্ষা গ্রহণের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্তৃকর্তা একটি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করবেন। কেন্দ্রাধীন প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান অথবা তার মনোনীত একজন শিক্ষক নিয়ে পরীক্ষা কমিটি গঠন করতে হবে। পরীক্ষা কমিটির সদস্যসহ ব্যবহারিক পরীক্ষকদের পারিশ্রমিক এবং অন্যান্য ব্যয় কেন্দ্র ফি খাতে আদায়কৃত অর্থ থেকে নির্বাহ করতে হবে।

৮.৩ **পরীক্ষা সংক্রান্ত সকল বিষয় পত্র যোগাযোগ নমুনা মোতাবেক নিম্ন ঠিকানায় প্রেরণ করতে হবে।**

প্রেরক, প্রতিষ্ঠান/কেন্দ্রের নাম ও ঠিকানা	বরাবর, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি ও টেক্সটাইল) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ভবন-১ (৫ম তলা) আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।	বিষয় : কেন্দ্র কোড : তারিখ :
---	--	-------------------------------------

পরীক্ষার প্রশ্নপত্র সংক্রান্ত কোন বিষয়ে জানার জন্য অত্র বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) শাখায় যোগাযোগ করতে হবে। ফোন নম্বর: ০২-৫৫০০৬৫৩২ ও ০২-৫৫০০৬৫২৫

বিঃ দ্রঃ অভিজ্ঞ শিক্ষকের মধ্যে হতে বিষয় ভিত্তিক নামের তালিকা আগামী ০১/১২/২০২৪ হতে ২৬/১২/২০২৪ তারিখের মধ্যে তালিকা Online-এ প্রেরণ করে এর হার্ড কপিতে অধ্যক্ষের সীল স্বাক্ষরসহ ফরম ফিলাপের সাথে সংশ্লিষ্ট শাখায় (৫ম তলা) জমা প্রদান করতে হবে।

কোন প্রতিষ্ঠান অসত্য তথ্য (নন-টেক কে টেক এন্ড্রি দেয়া) এন্ড্রি করলে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষকগণনের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ হবে এবং উত্তরপত্র মূল্যায়ন, নিরীক্ষন এবং প্রধান পরীক্ষণ কার্যক্রম থেকে বিরত রাখা হবে। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সুনির্দিষ্টভাবে বিষয়ের নাম উল্লেখ করতে হবে।

৯.০ বিশেষ শর্তাবলি :

৯.১ সংশ্লিষ্ট প্রবিধান মোতাবেক বিষয়ভিত্তিক উত্তীর্ণমান পূর্ণমান এবং প্রাপ্ত নম্বর ইত্যাদি Online -এ সঠিকরূপে দিতে হবে। প্রতিষ্ঠানের কোনরূপ ভুলের কারণে শিক্ষার্থীদের ক্ষতি হলে তার দায়-দায়িত্ব প্রতিষ্ঠানকেই বহন করতে হবে। বিশেষ করে কারিকুলাম টেকনোলজি কোড, কেন্দ্র কোড, বিষয় কোড ভুল হলে ফলাফল প্রকাশ করা সম্ভব হবে না।

১০.০ বিশেষ নির্দেশাবলীঃ

- ১০.১ ফরমপূরণকৃত সকল শিক্ষার্থীর হাজিরা সিটের সকল কলাম পূরণ করতে হবে এবং তা পরীক্ষার শেষে কেন্দ্র সচিবের স্বাক্ষরসহ বাহক মারফত বোর্ডের সংশ্লিষ্ট শাখায় পাঠানো নিশ্চিত করতে হবে। অবশ্যই প্রতিষ্ঠানে ফটোকপি সংরক্ষণ করতে হবে।
- ১০.২ ফলাফল সংক্রান্ত যে কোন আপত্তি/ মন্তব্য থাকলে তা ফলাফল প্রকাশের ০৭(সাত) দিনের মধ্যে লিখিত ভাবে অধ্যক্ষের মাধ্যমে প্রবেশপত্র সহ বোর্ডে কৃষি/টেক্সটাইল শাখায়, ভবন-১ (৫ম তলা) আবেদন জমা দিতে হবে।
- ১০.৩ নির্ধারিত তারিখে অনুষ্ঠিত সকালের পরীক্ষার উত্তরপত্র ও লিখো (১ম অংশ) বিষয় কোড আলাদা আলাদা করে একই বক্সে আলাদা আলাদা শিরোনামপত্র সহ ঐ দিনই ডাকযোগে পাঠাতে হবে। এ ব্যাপারে পোষ্ট অফিসকে পূর্ব হতে চিঠি দিয়ে অবহিত করতে হবে। উত্তরপত্র পাঠানোর এ নির্দেশ না মানা হলে পরবর্তীতে পরীক্ষার কেন্দ্র বাতিল বলে গণ্য হবে এ ব্যাপারে কোন নোটিশ দেয়া হবে না। উত্তর পত্রের প্যাকেট এর কাপড় অবশ্যই গোলাপী কালার হতে হবে।
- ১০.৪ পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ দলিলাদি যেমন-উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র ব্যবহার করার পর অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত অব্যবহৃত ব্যবহারিক উত্তরপত্র এবং অন-লাইনে বোর্ডে প্রেরিত সকল তথ্যের হার্ড কপি একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে হাতে হাতে বোর্ডে জমা দিতে হবে। উল্লেখ্য উক্ত বিষয়ের প্রতিদিনের হিসাব একটি রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করে রাখতে হবে।
- ১০.৫ বহিস্কৃত প্রতি পরীক্ষার্থীর জন্য সংযোজনী-ক ফরম নং ০১ ও সংযোজনী-গ ফরম নং ০৩ পূরণ করে বহিস্কৃত প্রতি উত্তর পত্রের সংক্ষেপে স্টেপলার করে দিতে হবে। বহিস্কৃত পরীক্ষার্থীর উত্তর পত্রের লিখো কোডের ১ম অংশ ছেড়া যাবে না। প্রতিবেদনসহ একই দিনে উত্তরপত্র আলাদা প্যাকেটে ডাক যোগে পাঠাতে হবে। বহিস্কৃত উত্তর পত্রে মন্তব্যসহ হল পরিদর্শক, হল সুপার ও কেন্দ্র সচিবের স্বাক্ষর থাকতে হবে। বহিস্কৃত প্রতিবেদনের সকল তথ্য পূরণ করতে হবে। বিশেষ করে কত ধারায় এবং কি কারণে বহিস্কার করা হল তা স্পষ্ট করে লিখতে হবে।
- ১০.৬ উত্তরপত্রের সাথে কোন শিরোনামপত্র বা কোন তথ্য সন্নিবেশিত করা যাবে না। শুধুমাত্র বান্ডিল লেভেল ব্যবহার করতে হবে এর ব্যতিক্রম বাঞ্ছনীয় নয়। লিখো টপ (১ম অংশ) এর প্যাকেটের সাথে বিষয়ের শিরোনামপত্র ১ কপি ভিতরে এবং এক কপি উপরে দিতে হবে এবং বিষয় ভিত্তিক পৃথক পৃথক করে বক্স এর ভিতর প্যাকেট করতে হবে এবং উত্তরপত্র বিষয় ভিত্তিক পৃথক পৃথক করে প্যাকেট করতে হবে। একই বিষয়ের একই পর্বের লিখুর ১ম অংশ একসাথে এক বক্সে পাঠাতে হবে। কোন ভাবে লিখুর প্রথম অংশ উত্তর পত্রের প্যাকেটের মধ্যখানে বা উত্তরপত্রের ভিতরে লুকানো অবস্থায় দেয়া যাবে না। পরে লিখুর বক্স ও উত্তরপত্র অবশ্যই আলাদা করে এবং আলাদাভারে প্যাকেট করে গোলাপী কাপড় দিয়ে সেলাই ও সিল গালা করে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি/টেক্সটাইল) বরাবর বোর্ডে প্রেরণ করতে হবে।
- ১০.৭ অনিয়মিত পরীক্ষার্থীর হাজিরাসিটে শুধুমাত্র প্রবেশপত্রে প্রদর্শিত বিষয়/বিষয়াদির নাম থাকতে হবে। এই ক্ষেত্রে ঐ বিষয়ের ভিত্তিতেই উপস্থিত/ অনুপস্থিত লিখতে হবে। পরীক্ষায় অংশগ্রহণ করেও ভুলক্রমে অনুপস্থিত লিখলে অনুত্তীর্ণ ধরা হবে।
- ১০.৯ ফরম ফিলাপের ব্যাংক ড্রাফট ও প্রিন্ট আউট এর হার্ড কপি জমা দেয়ার সময় এফিলিয়েশন/নবায়ন ফি হাল নাগাদ পরিশোধের প্রত্যয়নপত্র দেখাতে হবে।
- ১০.১০ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ অত্র অফিসের পরীক্ষা নিয়ন্ত্রক এর দৃষ্টি আকর্ষণ : সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি ও টেক্সটাইল) সহিত যোগাযোগ করতে হবে। ফোন নম্বর: ০২-৫৫০০৬৫৪৪
- ১০.১১ কেন্দ্র সচিব শিরোনাম পত্রের সকল কলাম যেমন- ভুল বৃত্ত, অনুপস্থিত, বহিস্কৃত/অভিযুক্ত কলামে রোল নম্বরসমূহ যথাযথভাবে পূরণ করে পরীক্ষা শেষে রোল নম্বরের ক্রম অনুসারে শিরোনাম পত্রসমূহ একত্রে বান্ডিল,বাক্সের প্রথম অংশের রোল নম্বরসমূহ পূরণ করে হাজিরা সিট একত্রে বান্ডিল করে বিজ্ঞপ্তির তারিখ অনুযায়ী এক সাথে বোর্ডে সংশ্লিষ্ট শাখায় জমা দিয়ে নিশ্চিত করতে হবে।
- ১০.১২ অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকা ও পরীক্ষার ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট-এর বিবরণীর তালিকাসহ স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল শিক্ষকের মাধ্যমে (পরীক্ষা কাজে সংশ্লিষ্ট) নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে পৌছাতে হবে। তবে সংশ্লিষ্ট শিক্ষকের ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান বহন করবেন। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ছাড়া পরীক্ষার্থীর কাগজপত্র ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না। পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ও গুরুত্বপূর্ণ দলিলাদি একটি রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করে তার খরচ ও মজুদের পরিমাণ সংরক্ষণ করে রাখতে হবে। যা পরবর্তী পরীক্ষার চাহিদার সময় সংযুক্ত করতে হবে।

১০ নতুন উত্তরপত্রে ১০ (দশ) অংক (ঘর) সম্বলিত রেজিস্ট্রেশন নম্বর এবং ৫ (পাঁচ) অংক (ঘর) সম্বলিত বিষয় কোড যুক্ত লিথু (Litho) ব্যবহারের নির্দেশাবলী:

- ১১.১ রেজিস্ট্রেশন নম্বর ডান হতে (একক স্থানীয় অংক)পূরণ শুরু করতে হবে। বাকী বাম দিকের ঘরগুলো (যদি থাকে) ০(শূন্য) দিয়ে বৃত্ত ভরাট করতে হবে।
- ১১.২ অনুরূপভাবে বিষয় কোড ডান দিক হতে (একক স্থানীয় অংক)পূরণ শুরু করতে হবে। সর্ব বাম দিকের ঘরটি (যদি থাকে) ০(শূন্য) দিয়ে বৃত্ত ভরাট করতে হবে।

১১.৩ এ বিষয়ে প্রতিষ্ঠানের প্রধানগন সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণের মাধ্যমে পরীক্ষা শুরুর পূর্বেই শ্রেণী শিক্ষক দ্বারা শিক্ষার্থীদের প্রশিক্ষনের ব্যবস্থা নিবেন।

১১.৪ পুরাতন লিখুযুক্ত উত্তরপত্র ব্যবহার করা যাবে না উহা বোর্ডে ফেরত দিতে হবে।

বিঃদ্রঃ-১ ফরম পূরনের সময় Online এ ছক (১) বর্ণিত তারিখ অনুযায়ী নির্দিষ্ট সময়ে পূরণ করতে হবে। Online এ ফরম ফিলাপ সম্পর্কিত সমস্যা সমাধানের হেল্পলাইন ১. ০১৯১৩১৮৩২৩৫ ২. ০১৫৫০৬২০৬০৪

বিঃদ্রঃ-২ নতুন উত্তরপত্র এবং পুরাতন উত্তরপত্র চেনার নমুনা সংযুক্ত করা হলো। কোন অবস্থাতেই পুরাতন খাতায় পরীক্ষা নেয়া যাবে না।

স্বাক্ষরিত
(মোঃ কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং ৫৭.১ ৭.০০০০.৩১২.০১.০১.২৪-২৮৩

তারিখঃ ১২-১১-২০২৪খ্রিঃ

সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন, ৭-৯ কাওরান বাজার, ঢাকা।
৫. সচিব/পরিচালক (কারিকুলাম)/ পরিচালক (আইসিটি)/ পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অধ্যক্ষ
৭. জেলা প্রশাসক,
৮. উপ-পরিচালক, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম।
৯. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-(গোপনীয়)/কারিকুলাম বিশেষজ্ঞ-টেক্সটাইল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচার এবং অন-লাইনে ছাত্র/ছাত্রী নামের তালিকা (Probabal list) দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।
১১. উপজেলা নির্বাহী অফিসার,
১২. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (বিতরণ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে উত্তরপত্র ও অন্যান্য সকল মালামাল সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।
১৩. সহকারী হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞপ্তি অনুযায়ী ব্যাংক ড্রাফট জমা নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।
১৪. সহকারী প্রোগ্রামার (কৃষি ও টেক্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. অফিস নথি।



(মোঃ মেহেদী হাসান খান)
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি ও টেক্সটাইল)
ফোনঃ ০২-৫৫০০৬৫৪৪
ই-মেইল: textile.bteb@gmail.com

নতুন খাতার নমুনা

শুধুমাত্র ২২ সিরিজের খাতাগুলো ডিপ্লোমা ইন টেক্সটাইল, এগ্রিকালচার, ফিসারিজ, লাইভস্টক ও ফরেস্ট্রি পরীক্ষা ২০২২ এর পরীক্ষায় ব্যবহার করতে হবে।

নতুন খাতার লিখো কোড দুইবার থাকবে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এই বক্সের মধ্যে কোন দাগ দেয়া সম্পূর্ণ নিষিদ্ধ বর্ষ/পর্ব সমাপনী পরীক্ষা ২০২২

২২০২৭৮৮৭৯২

পরিদর্শকের অংশ ট্রেড/স্পেশা- কারিকুলাম কোড টেকনোলজি অবশ্যই বল-পয়েন্ট কলম দিয়ে পূরণ করতে হবে

রোল-নম্বর রেজিস্ট্রেশন নম্বর সেশন বিষয় কোড

পরিদর্শক খাতার সংখ্যা

তারিখ

ইনভিজিলেটরের স্বাক্ষর

এই বক্সের মধ্যে কোন দাগ দেয়া সম্পূর্ণ নিষিদ্ধ

পুরাতন খাতার নমুনা

সিরিয়াল নম্বর ২১,২০,১৯ বা কম সিরিজের খাতাগুলো ডিপ্লোমা ইন টেক্সটাইল, এগ্রিকালচার, ফিসারিজ, লাইভস্টক ও ফরেস্ট্রি পরীক্ষা ২০২২ এর পরীক্ষায় ব্যবহার করা যাবেনা।

পুরাতন খাতার লিখো কোড একবার ছিল।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এই বক্সের মধ্যে কোন দাগ দেয়া সম্পূর্ণ নিষিদ্ধ বর্ষ/পর্ব সমাপনী পরীক্ষা ২০২২

২০০০০২৪৮২

পরিদর্শকের অংশ ট্রেড/স্পেশা- কারিকুলাম কোড টেকনোলজি অবশ্যই বল-পয়েন্ট কলম দিয়ে পূরণ করতে হবে

রোল-নম্বর রেজিস্ট্রেশন নম্বর সেশন বিষয় কোড

পরিদর্শক খাতার সংখ্যা

তারিখ

ইনভিজিলেটরের স্বাক্ষর

এই দাগের নিচে পরীক্ষার্থীর কোন কিছু লেখা বা দাগ দেয়া সম্পূর্ণ নিষিদ্ধ

(নমুনা ফরম)

বরাবর,

প্রতিষ্ঠানের কোড নম্বর

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

দৃষ্টি আকর্ষণ: সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি)/টেক্সটঃ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রতিষ্ঠানের নামঃ.....

পোষ্টঃ..... উপজেলাঃ.....জেলাঃ.....

বিষয় : পরীক্ষা ২০২৪ খ্রিঃ (২৯ ডিসেম্বর ২০২৪ সনে অনুষ্ঠিত) ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের বোর্ড সমাপনী পরীক্ষার ফিস এর হিসাব বিবরণী।

বোর্ডের প্রাপ্ত অংশের পরীক্ষার ফি এর হিসাব প্রেরণ :

ক্রঃ নং	পরীক্ষার প্রকার	পরীক্ষার ফি	নম্বর পত্র ফি	সনদপত্র ফি	বোর্ড প্রাপ্য	মোট টাকার পরিমাণ
		১	২	৩	৪	৫
০১	২য় পর্ব (প্রবিধান -২০২২) বোর্ড মূল্যায়ন করবে)	৪০০/-	৭৫/-	-	৪৭৫/-x ছাত্র সংখ্যা	
	১ম পর্ব ও ৩য় পর্ব (অনিয়মিত) প্রবিধান -২০২২ (তিনের অধিক বিষয় অনুষ্ঠীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে)	৪০০/-	৭৫/-	-	৪৭৫/-x ছাত্র সংখ্যা	
০২	২য় পর্ব পরিপূরক (প্রবিধান ২০১০) (প্রতিষ্ঠান মূল্যায়ন করবে)	২২৫/-	-	-	২২৫/-x ছাত্র সংখ্যা	
০৩	৪র্থ পর্ব নিয়মিত বোর্ড (মূল্যায়ন করবে) (প্রবিধান ২০২২)	৪০০/-	৭৫/-	-	৪৭৫/-x ছাত্র সংখ্যা	
	১ম, ২য় ও ৩য় পর্ব রেফার্ড বিষয় (১০০/- হারে) (প্রবিধান ২০২২)	বিষয় সংখ্যা x ১০০	পর্ব সংখ্যা x ৭৫	-	১৭৫/-x ছাত্র সংখ্যা	
০৪	৩য়/৪র্থ পর্বে সরাসরি ভর্তিকৃত শিক্ষার্থীদের মেকআপ পরীক্ষার ফি (মূল পর্বের ফি এর অতিরিক্ত ফি)	বিষয় x ১০০	৭৫/-	-	১৭৫/-x ছাত্র সংখ্যা	
০৫	৬ষ্ঠ পর্ব নিয়মিত (প্রবিধান ২০১০)	৪০০/-	৭৫/-	-	৪৭৫/-x ছাত্র সংখ্যা	
	৪র্থ ও ৫ম পর্বে রেফার্ড বিষয় ১০০/- হারে	বিষয় সংখ্যা x ১০০	পর্ব সংখ্যা x ৭৫	-	১৭৫/-x ছাত্র সংখ্যা	
	৪র্থ ও ৬ষ্ঠ পর্ব পরীক্ষায় অংশ গ্রহণ করে চার বা ততোধিক বিষয়ে অনুষ্ঠীগদের পরীক্ষার্থীদের জন্য	৪০০/-	৭৫/-	-	৪৭৫/-x ছাত্র সংখ্যা	
০৬	৮ম পর্ব নিয়মিত (মাঠ সংযুক্তি পরীক্ষার ফি ও কেন্দ্র ফি) (যাদের বিগত পর্বে রেফার্ড নাই)	৪০০/-	৭৫/-	১০০/-	৫৭৫/-x ছাত্র সংখ্যা	
	৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বে রেফার্ড বিষয় ১০০/- হারে	বিষয় সংখ্যা x ১০০	পর্ব সংখ্যা x ৭৫	-	১৭৫/-x ছাত্র সংখ্যা	
	মাঠ সংযুক্তি ট্রেনিং ফি (৫০০/-)	১১০/-	-	-	১১০/-x ছাত্র সংখ্যা	
০৭	সকল পর্বের বিলম্ব/সংযোগ রক্ষাকারী ফি প্রতি পরীক্ষার্থীদের জন্য (যদি থাকে) ৩০০/- টাকা হারে।				৩০০/-x ছাত্র সংখ্যা	
সর্বমোট টাকা =						

(কথায়.....) সর্বমোটঃ

বিঃদ্রঃ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার বোর্ড নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি আদায় করলে আইনুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ব্যাংক ড্রাফটের বিবরণ :

ক্রমিক নং	ব্যাংক নাম ও শাখা	ব্যাংক ড্রাফটের নং	তারিখ	টাকার পরিমাণ
১.				
২.				
৩.				

(সর্বমোট টাকা কথায় :)

মোবাইল নম্বর (অধ্যক্ষের).....

অধ্যক্ষের স্বাক্ষর ও সিল

চাহিদা ফরম

প্রতিষ্ঠানের কোড নম্বর

কেন্দ্র/প্রতিষ্ঠানের নামঃ.....

পোস্ট : উপজেলা : জেলা :

বরাবর,

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

দৃষ্টি আকর্ষণ : সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি/টেক্সটাইল) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (৫মতলা), ঢাকা-১২০৭।

..... সালের মাসে অনুষ্ঠিত

সমাপনী পরীক্ষা পরিচালনার জন্য উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত আনুসঙ্গিক ফরমসমূহের চাহিদা নিম্নে প্রদত্ত হল :

পরীক্ষার নাম	পর্ব	মোট পরীক্ষার্থী সংখ্যা (নিয়মিত)	লিখিত পরীক্ষা বিষয়ের সংখ্যা	মোট উত্তরপত্রের সংখ্যা (সাধারণ)	পরীক্ষার নাম	পর্ব	মোট পরীক্ষার্থী সংখ্যা (নিয়মিত /অনিয়মিত)	লিখিত পরীক্ষা বিষয়ের সংখ্যা	মোট উত্তরপত্রের সংখ্যা (লিখিত)
ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং	২য় পর্ব অনিয়মিত পরীক্ষার জন্য লিখিতবিহীন খাতা (প্রবিধান-২০১০)				ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (লিখিত যুক্ত খাতা)	২য়			
						৪র্থ			
						৬ষ্ঠ			
					রেফার্ড				
মোট=					মোট=				
সর্ব মোট উত্তরপত্রের সংখ্যা					সর্ব মোট উত্তরপত্রের সংখ্যা				

বিঃদ্র: ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব রেফার্ড পরীক্ষার্থীগণ সকল পরীক্ষা লিখিত খাতায় দিতে হবে।

বিবরণ	কেন্দ্র/প্রতিষ্ঠানে মজুদ মালামালের পরিমান	বর্তমান চাহিদা	সর্ব মোট চাহিদা
উত্তরপত্র লিখিত (মোট উত্তরপত্র+২%)			
উত্তরপত্র সাধারণ (মোট উত্তরপত্র+২%)			
অতিরিক্ত উত্তরপত্র (লিখিত)			
অতিরিক্ত উত্তরপত্র (সাধারণ)			
শিরোনামপত্র (বিষয় X পরীক্ষার্থী X ৪)			
করোগেটের সীট (মোট পরীক্ষার্থী X ২)৫০			
ডেসপাস ফরম			
অবগতি ফরম			
বক্স (মোট পরীক্ষার্থী X ১)/২০০			
হাজিরা সীট (মোট পরীক্ষার্থী X ১)			
বান্ডেল লেবেল (মোট পরীক্ষার্থী / ৫০)			
সনদ/নম্বরপত্র উত্তোলনের ফরম			
বহিস্কৃত ফরম নং সংযোজনী-ক-১,খ-২,গ-৩			
অনুপস্থিতি পরীক্ষার্থীর ICR ফরম			

কেন্দ্র সচিব ফোন/মোবাইলঃ

কেন্দ্র সচিব স্বাক্ষর ও সীল মোহর